



রাজশাহী বিশ্ববিদ্যালয়

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে অনলাইনে ভর্তি প্রক্রিয়া

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে (১ম বর্ষ) ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের নিম্নে উল্লেখিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবেঃ

১। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থী admission.ru.ac.bd ওয়েবসাইটের মাধ্যমে HSC ও SSC বা সমমান পরীক্ষার Roll, Board, Year প্রদান করে ভর্তি ফরম পূরণ করতে পারবে। উল্লেখিত তথ্যসমূহ সঠিকভাবে প্রদান করলে যে যে ইউনিটে ভর্তির জন্য নির্বাচিত হয়েছে তার তালিকা পাওয়া যাবে। যে ইউনিটে ভর্তি হতে ইচ্ছুক সেই ইউনিটের ফরম পূরণ করতে হবে। ফরমটি যথাযথভাবে পূরণ করলে সকল তথ্য সম্বলিত PDF ফরম পাওয়া যাবে। প্রাপ্ত PDF ফরমটি A4 সাইজের অফসেট কাগজে তিন কপি প্রিন্ট নিতে হবে। ফরমটি পরবর্তীতেও প্রিন্ট করা যাবে। Student Panel এর 'Pay Online' বাটনে ক্লিক করে সরাসরি এই ওয়েবসাইটের এর মাধ্যমেই সংশ্লিষ্ট ইউনিটের নির্ধারিত ফি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করতে হবে। ইউনিট অফিসে উপস্থিত হওয়ার পূর্বেই সংশ্লিষ্ট ফি প্রদান করতে হবে।

২। ভর্তির জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত নিম্নলিখিত ফি (হলের ফি সহ) প্রদান করতে হবে।

(ক) Unit-A ও Unit-B এর জন্য ফি ৫৩০৪/- টাকা।

(খ) Unit-C এর জন্য ফি ৫৪৩১/- টাকা।

৩। ভর্তির জন্য নির্ধারিত সময়ে নিম্নলিখিত কাগজপত্র নিজে উপস্থিত থেকে সংশ্লিষ্ট ইউনিট অফিসে জমা দিতে হবেঃ

(ক) পূরণকৃত ভর্তি ফরমের তিন কপি প্রিন্ট (A4 সাইজ অফসেট কাগজে)

(খ) পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র।

(গ) এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান-এর মূল সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) ও নম্বরপত্র।

(ঘ) এইচ.এস.সি পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড

৪। অনলাইনে ভর্তি ফরম পূরণের জন্য নিম্নে উল্লেখিত বিষয়সমূহ বিশেষভাবে লক্ষণীয়-

(ক) HSC ও SSC বা সমমান পরীক্ষার Roll, Board, Year সঠিকভাবে প্রদান করতে হবে।

(খ) রক্তের গ্রুপ (Blood Group) অবশ্যই জানা থাকতে হবে।

(গ) সংশ্লিষ্ট ইউনিটের নির্ধারিত সময়ের মধ্যে ভর্তির যাবতীয় প্রক্রিয়া অবশ্যই সম্পন্ন করতে হবে।

৫। কোন শিক্ষার্থীর আপন ভাই/বোনের কোন হলে আবাসিকতা থাকলে এবং সেই হলের আবাসিকতা নিতে চাইলে সকল প্রমাণসহ ৩০/০৬/২০২৪ তারিখের মধ্যে পরিচালক, আইসিটি সেন্টার, রাবি বরাবর দরখাস্ত করতে হবে।

৬। শিক্ষার্থীদের (পছন্দের ক্রমের ভিত্তিতে) বিভাগ পরিবর্তন (সাবজেক্ট মাইগ্রেশন) প্রক্রিয়া সংশ্লিষ্ট ইউনিট অফিস সম্পন্ন করবে। শিক্ষার্থীর যোগাযোগ করার কোন প্রয়োজন নাই। তবে ভর্তিকৃত শিক্ষার্থী Admission - পেজে Login করে প্রাপ্ত বিভাগ দেখতে পাবে। সেই বিভাগেই থাকতে ইচ্ছুক হলে নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট বাটনে ক্লিকের মাধ্যমে মাইগ্রেশনের প্রক্রিয়া বন্ধ করতে পারবে।

৭। প্রতিটি শিক্ষার্থীর সর্বশেষ নির্ধারিত বিভাগের নামসহ অন্যান্য তথ্য ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবার পর (৩০/০৬/২০২৪ তারিখের পর) admission.ru.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। উক্ত তথ্যের ভিত্তিতে প্রত্যেক শিক্ষার্থী তার বিভাগ কর্তৃক নির্ধারিত ফি সরাসরি বিভাগীয় অফিসে জমা দেবে। ফি-এর পরিমাণসহ অন্যান্য তথ্য জানতে সরাসরি অনুষদ অফিসের টেলিফোনে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যাবে:

Unit-A (সামাজিক বিজ্ঞান অনুষদ অফিস, ২য় তলা, ডীনস কমপ্লেক্স) ০২৫৮৮-৮৬৪১৩০

Unit-B (বিজনেস স্টাডিজ অনুষদ অফিস, ৩য় তলা, ডীনস কমপ্লেক্স) ০২৫৮৮-৮৬৪১২৯

Unit-C (বিজ্ঞান অনুষদ অফিস, ৪র্থ তলা, ড. মুহম্মদ কুদরাত-এ-খুদা একাডেমিক ভবন) ০২৫৮৮-৮৬৪১১৫

৮। কোন শিক্ষার্থী একটি ইউনিটে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার পরে অন্য আরেকটি ইউনিটে ভর্তির সুযোগ পেলে ইউনিট মাইগ্রেশন প্রক্রিয়ার মাধ্যমে নতুন ইউনিটে ভর্তি হতে পারবে। এর জন্য বর্তমান ইউনিটে 'ইউনিট মাইগ্রেশন' কারণ দর্শিয়ে ভর্তি বাতিল করে নতুন ইউনিটে পুনরায় ফরম পূরণ করতে হবে। এ সময় সংশ্লিষ্ট ফি ৫১০/- টাকা প্রদান করতে হবে। কোন কারণে ইউনিট মাইগ্রেশন প্রক্রিয়ার ফি সঠিকভাবে প্রদর্শিত না হলে দ্রুত আইসিটি সেন্টারে যোগাযোগ করতে হবে।

বিশেষ শর্তাবলী:

(ক) শিক্ষার্থীর প্রদত্ত তথ্যাবলীতে কোন অসংগতি পরিলক্ষিত হলে ভর্তি বাতিল করা হবে।

(খ) প্রকাশিত ফলাফলে ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের থাকবে।

**For Technical support:** Email: ru\_admission@ru.ac.bd

Helpline: +88-01703-899973

পরিচালক

আইসিটি সেন্টার, রাজশাহী বিশ্ববিদ্যালয়